যায়যায়দিন

তারিখ 19 MAY 2009
পৃষ্ঠা ৩ কলাম ২

# স্বল্প খরচে অস্ট্রেলিয়া ও বিনাখরচে জার্মানিতে উচ্চশিক্ষার সুযোগ

যাযাদি রিপোর্ট

হর্টিকালচার বা উদ্যান শিল্পবিজ্ঞানে প্রতি বছর অস্ট্রেলিয়ায় ৯৬ হাজার কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়। আর কৃষিভিত্তিক দেশ হিসেবে এ দেশের শিক্ষার্থীরা এ বিষয়ে উচ্চশিক্ষা গ্রহণের সুযোগ নিয়ে সে দেশে খুব সহজেই কর্মসংস্থানের সুযোগ পেতে পারে। এছাড়া জার্মান ভাষা শিখে জার্মানে বিনাখরচে উচ্চশিক্ষা গ্রহণ করা সম্ভব। উচ্চশিক্ষা গ্রহণে জার্মানে অন্য যে কোনো দেশের তুলনায় বিদেশি শিক্ষার্থীদের জন্য আছে বেশি সুযোগ-সুবিধা।

সোমবার অস্ট্রেলিয়ার হর্টিকালচার স্কিলসের ডেভেলপমেন্ট ম্যানেজার পামেলা ভি রায়ান এবং জার্মানির ইউরেশিয়া ইন্সটিটিউটের মার্কেটিং ম্যানেজার উলফ প্রুনার অস্ট্রেলিয়া এবং জার্মানিতে উচ্চশিক্ষায় এ দেশের শিক্ষার্থীদের সুযোগ এবং এ জন্য প্রয়োজনীয় দিক-নির্দেশনায় এ তথ্য তুলে ধরেন। পামেলা ভি রায়ান জানান, বৃক্ষরোপণ ও চাষাবাদের সাব-সেক্টর হর্টিকালচার বা উদ্যান শিল্পবিজ্ঞান, যে বিষয়ে শিক্ষার্থীরা উচ্চশিক্ষা গ্রহণে অস্ট্রেলিয়ায় খুব সহজে যেতে পারে। এক বছরের সার্টিফিকেট কোর্স সম্পন্ন করে সেখানে রয়েছে এ সেক্টরে কর্মসংস্থানের অভাবনীয় সুযোগ। উলফ প্রুনার জানান, জার্মানিতে ইংরেজি ও জার্মান উভয় ভাষায় শিক্ষা ব্যবস্থা চালু থাকলেও কেবল জার্মান ভাষাতেই বিনাখরচে পাবলিক বিশ্ববিদ্যালয়ে বিদেশি শিক্ষার্থীরা লেখাপড়ার সুযোগ পাবে। শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী সামাজিকবিজ্ঞান থেকে শুরু করে ব্যবসা, চিকিৎসা, প্রকৌশলী যে কোনো মেজর কোর্সে উচ্চশিক্ষালাভের সুযোগ রয়েছে।